

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৮২/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ সফাতুল্লাহ সাইদী  
সিনিয়ার স্টাফ রিপোর্টার  
দৈনিক সময়ের কাগজ  
মতিয়ার ভবন  
দাদাপুর রোড, কুষ্টিয়া।

প্রতিপক্ষ : জনাব মহাঃ হারুন অর রশীদ  
অধ্যক্ষ  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
কয়া মহাবিদ্যালয়, কুমারখালী, কুষ্টিয়া।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৮-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী অভিযোগকারী ০৬-০১-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মহাঃ হারুন অর রশীদ, অধ্যক্ষ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কয়া মহাবিদ্যালয়, কুমারখালী, কুষ্টিয়া বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

কয়া মহাবিদ্যালয়ে ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালে মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং বি.এম শাখায় যেসব শিক্ষক ও কর্মচারী চাকুরী পেয়েছে তাদের নাম, নিয়োগ বিজ্ঞপ্তির তারিখসহ পত্রিকার নামের একটি তালিকা।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৭-০২-২০১৬ তারিখে মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১৪-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৮-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির থাকায় তাদের কোন বক্তব্যে পাওয়া যায় নি।

### পর্যালোচনা

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্যে পাওয়া যায় নি বিধায় অভিযোগটি খারিজযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উভয়েই গরহাজির থাকায় অভিযোগটি খারিজ করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার